গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উন্নত প্রযুক্তিনির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ প্রকল্প
পাট অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
৯৯, মতিঝিল বা/এ, ঢাকা
juteprojectdoj@gmail.com

স্মারক নং: ২৪.০১.০০০০.০০৯.২০.০০৮.১৮- ২২০ তারিখঃ ১৬/০৯/২০১৯ খ্রিঃ।

বিষয়: পাট অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন উন্নত প্রযুক্তি নির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ শীর্ষক প্রকল্পের আওতায় নাবী পাটবীজ উৎপাদনকারী চাষীদের মধ্যে রাসায়নিক সার ক্রয় ও বিতরণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, প্রকল্পের প্রধান কার্যালয়ের ০৪/০৯/২০১৯ তারিখের ২৪.০১.০০০০.০০৯.২০.০০৮.১৮-২১৪ নং স্মারকের মাধ্যমে প্রকল্পভূক্ত পাটবীজ উৎপাদনকারী চাষীদের মধ্যে বিনামূল্যে রাসায়নিক সার ক্রয়ের জন্য অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে। সার ক্রয়ের ক্ষেত্রে সরকারি বিধি বিধান যথাযথ অনুসরণ করতে হবে। প্রকল্পের ডিপিপি সংস্থান অনুযায়ী বীজ উৎপাদনের জন্য নিম্নবর্ণিত হার এবং দর অনুযায়ী রাসায়নিক সার ক্রয়ের সংস্থান রাখা হয়েছে।

ক্রঃ নং	রাসায়নিক সারের নাম	ডিপিপি সংস্থান অনুযায়ী একর প্রতি সারের মাত্রা (কেজি)	ডিপিপি সংস্থান অনুযায়ী একক দর (কেজি প্রতি)	মন্তব্য
১	ইউরিয়া	৪৪ কেজি	২০ টাকা	
২	টিএসপি	৩০ কেজি	২৫ টাকা	
৩	এমওপি	০৮ কেজি	২০ টাকা	
৪	জিপসাম	৪০ কেজি	১৪ টাকা	

২। বরাদ্দকৃত অর্থের অনুকুলে উপজেলা কমিটির মাধ্যমে রাসায়নিক সার ক্রয় এবং বিতরণ নিশ্চিত করতে হবে। স্থানীয় বাজার দর অনুযায়ী রাসায়নিক সার ক্রয় করতে হবে। স্থানীয়ভাবে রাসায়নিক সার ক্রয়ের ক্ষেত্রে পরিমানগতভাবে কিছুটা কম বেশি হতে পারে। ক্রয়কৃত সার পাটবীজ উৎপাদনকারী চাষীদের মধ্যে সমহারে বিতরণ করতে হবে।
৩। প্রকল্পের উপজেলা কমিটির মাধ্যমে ক্রয়কৃত রাসায়নিক সার বিতরণপূর্বক মাস্টাররোলে কমিটির সকলের স্বাক্ষর গ্রহণ করতে হবে। উপজেলা কমিটির স্বাক্ষরসহ মাস্টাররোলের এক কপি প্রকল্পের প্রধান কার্যালয়ে প্রেরন নিশ্চিত করতে হবে।
৪। সংশ্লিষ্ট পাট উন্নয়ন কর্মকর্তা এবং উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তাগণকে রাসায়নিক সার ক্রয় ও বিতরণের প্রয়োজনীয় কার্যক্রমের গ্রহনের জন্য অনুরোধ করা হল।

16/09/19
(মো: লুৎফর রহমান)
(যুগ্মসচিব)
প্রকল্প পরিচালক
ফোন: ৯৫৬১৫৩৫।

পাট উন্নয়ন কর্মকর্তা (সংশ্লিষ্ট)
.....

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১। মহাপরিচালক, পাট অধিদপ্তর, ঢাকা।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। উপজেলা নির্বাহী অফিসার.....(সংশ্লিষ্ট)।
০৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা.....(সংশ্লিষ্ট)।
০৫। উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা ..... (সংশ্লিষ্ট)।
০৬। অফিস কপি।